# পল্লী সঞ্চয় ব্যাংক

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮),

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd


স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-১৬/২০২০-২১/ ৪১৮৪ তারিখঃ ১৩-০৪-২০২১খ্রি.

## অফিস আদেশ

পল্লী সঞ্চয় ব্যাংক আমার বাড়ি আমার খামার প্রকল্পের প্রাতিষ্ঠানিক রুপ। প্রকল্পটির মেয়াদ আগামী ৩০ জুন, ২০২১ তারিখে উত্তীর্ণ হবে এবং প্রকল্পের সকল সমিতি সম্পদসহ ব্যাংকে স্থানান্তরিত হবে। তাই প্রকল্পের আওতায় সম্পাদিতব্য যাবতীয় কাজ এ সময়ের মধ্যে সম্পন্ন করা অত্যন্ত জরুরী। তা'ছাড়া করোনা ভাইরাস মহামারিজণিত কারণে ব্যাংকের অধিকাংশ গ্রাহকের বিনিয়োগ ক্ষতিগ্রস্থ হয়েছে। তাঁদেরকে পুনরায় আয়বর্ধক কাজে নিয়োজিত করা জরুরী। করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ ১৩/০৪/২০২১ তারিখে ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪ নং স্মারকে ১৪-২১ এপ্রিল, ২০২১ তারিখ পর্যন্ত সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করেছে। উহার অনুবৃত্তিক্রমে বাংলাদেশ ব্যাংক হতে ডিওএস সার্কুলার লেটার নং-১৫ জারীর মাধ্যমে উপজেলা পর্যায়ে বাণিজ্যিক ব্যাংকের শাখা বৃহস্পতিবার, রবিবার, মঙ্গবার সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত লেনদেন কার্যক্রম এবং বিকাল ২.৩০ ঘটিকা পর্যন্ত অন্যান্য কার্যক্রম সম্পন্নের নির্দেশনা প্রদান করেছে। সোনালী ব্যাংক লিমিটেড ১৩/০৪/২০২১ তারিখের ৭৯৭ নং পত্রের মাধ্যমে একই নির্দেশনা প্রদান করেছে।

পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্যগণ দরিদ্র শ্রেণীর। করোনা ভাইরাস মহামারিজণিত কারণে প্রায় সকল গ্রাহকই ক্ষতিগ্রস্থ হয়েছে এবং অনেকে পুঁজি হারিয়ে অত্যন্ত খারাপ অবস্থায় নিপতিত হয়েছেন। এহেন অবস্থায় তাদেরকে পুনরায় ঋণ প্রদান করে আয়বর্ধক কাজে নিয়োজিত করা জরুরী। এমতাবস্থায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

০১। গ্রাহকদেরকে জরুরীভিত্তিতে সেবা প্রদানের লক্ষ্যে ১৪-২১ এপ্রিল,২০২১ ব্যাংকের সকল শাখা, জেলা ও প্রধান কার্যালয় সকাল ১০.০০ ঘটিকা হতে ২.৩০ ঘটিকা পর্যন্ত খোলা রেখে কার্যক্রম পরিচালনা করতে হবে;

০২। কর্মকর্তা/কর্মচারীগণকে আবশ্যিকভাবে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি পরিপালন করতে হবে;

০৩। মাঠ সহকারীগণকে সার্বক্ষণিকভাবে সদস্যদের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। সদস্যদের সাথে যোগাযোগ ও উঠান বৈঠকে যোগদানের সময় সামাজিক দুরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালন করতে হবে। মাঠে চলাচলের সময় সর্বদা পরিচয়পত্র সাথে রাখতে হবে। সকল প্রকাল লেনদেন (সঞ্চয়, ঋণের কিস্তি জমা ও ঋণের টাকা উত্তোলণ) ''পল্লী লেনদেন'' এর মাধ্যমে সম্পাদন করতে হবে, ''পল্লী লেনদেন'' এর মাধ্যমে সম্ভব না হলে মাঠ সহকারীগণ কর্তৃক সদস্যদের নিকট হতে আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তি অবশ্যই প্রতি বৃহস্পতিবার, রবিবার ও মঙ্গলবার উপজেলা শাখায় উপস্থিত হয়ে জমা করতে হবে। শাখাসমূহ উক্ত দিনগুলোতে সঞ্চয়, ঋণের কিস্তির টাকা জমা এবং ঋণ প্রদানের ব্যবস্থা করবে এবং সোনালী ব্যাংকের/প্রযোজ্য অন্য ব্যাংকের সাথে লেনদেন করবে;

০৪। জুনিয়র অফিসার (মাঠ)-গণও একইরুপে দায়িত্ব পালন করবেন;

০৫। চলাচল নিষেধাজ্ঞা চলাকালীন সকল স্তরের কর্মচারী আবশ্যিকভাবে স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করবেন;

০৬। শাখা অফিসে উপকারভোগী সদস্যদের সেবা গ্রহণকালে সামাজিক দুরত্ব বজায় রাখা ও স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করতে এবং নো মাস্ক নো সার্ভিস নীতি অবলম্বন করতে হবে;

০৭। আর্থিক লেনদেন এর ক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংকের ''পল্লী লেনদেন'' সেবা গ্রহণে সদস্যদের উদ্বুদ্ধ করতে হবে;

০৮। জেলা ও শাখা অফিসসমূহ-কে সাপ্তাহিক/মাসিক সভা অনুষ্ঠানের ক্ষেত্রে অনলাইন প্লাটফর্ম ব্যবহারে বেশী মনোযোগী হতে হবে;

০৯। স্থানীয় প্রশাসন হতে সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনাবলী মেনে চলতে হবে;

১০। জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলার আওতাধীন সকল উপজেলার ক্ষেত্রে সার্বিক বিষয় মনিটর করবেন এবং কোন ব্যত্যয় দেখা গেলে প্রধান কার্যালয়ে রিপোর্ট করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
০২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আমার বাড়ি আমার খামার প্রকল্প।
০৩। জেলা প্রশাসক (সকল), .................. জেলা।
০৪। মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), .............উপজেলা ............... জেলা।
০৬। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/আমার বাড়ি আমার খামার প্রকল্প, জেলাঃ সকল জেলা।
০৭। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (সকল)।
০৮। সকল কর্মকর্তা/কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢকা।
০৯। সংশিষ্ট নথি।

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

ব্রাঞ্চেস কন্ট্রোল ডিভিশন
প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
ফোনঃ-৪৭১১৮৬৯৩(ডিজিএম),
৯৫৭৬১১৭,৯৫৮৫৩০৭(এজিএম)
E-mail:-dgmbcd@sonalibank.com.bd

দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে

নং-প্রকা/বিসিডি/কোভিড/৭৯৭

তারিখঃ-১৩.০৪.২০২১

**ই মেইল যোগে**

জেনারেল ম্যানেজার/চীফ ফিন্যান্সিয়াল অফিসার/
চীফ ইনফরমেশন টেকনোলজী অফিসার/চীফ অডিট অফিসার/
ডেপুটি জেনারেল ম্যানেজার/চীফ সিকিউরিটি অফিসার/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/
স্থানীয় কার্যালয়, ঢাকা/রমনা কর্পোরেট শাখা, ঢাকা/বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা/
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/সেল প্রধান, সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড/স্টাফ কলেজ/
সকল প্রিন্সিপাল অফিস/কর্পোরেট শাখা/রিজিওনাল অফিস/ট্রেনিং ইনস্টিটিউট/
সকল শাখা
বাংলাদেশ।

**করোনা ভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ১৩ এপ্রিল, ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং সার্কুলার লেটারের নির্দেশাবলী যথাযথভাবে পরিপালন/অনুসরণ করার জন্য কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল ইসলাম)
জেনারেল ম্যানেজার (ইনচার্জ)

সংযুক্ত ঃ বর্ণনা মোতাবেক।

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

মুজিব ১০০

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৫

তারিখ : ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ এপ্রিল ২০২১ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪ এর আলোকে উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ১২ এপ্রিল ২০২১ এর ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর নির্দেশনা রহিত করে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো:

০১। ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত দৈনিক ব্যাংকিং সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ব্যাংক শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে অপরাহ্ন ২:৩০ পর্যন্ত খোলা রাখা যাবে।

০২। বিধি-নিষেধ চলাকালে ব্যাংকের স্থানীয় কার্যালয়/প্রধান শাখাসহ সকল অনুমোদিত ডিলার (এডি) শাখা ও জেলা সদরে অবস্থিত ব্যাংকের প্রধান শাখা খোলা রাখতে হবে। সিটি কর্পোরেশন এলাকাধীন প্রতি ০২ (দুই) কিলোমিটারের মধ্যে একটি শাখা (এডি শাখা না থাকলে) খোলা রাখতে হবে। তাছাড়া, এ সময়ে উপজেলা পর্যায়ে কার্যরত প্রতিটি ব্যাংকের একটি শাখা বৃহস্পতিবার, রবিবার এবং মঙ্গলবার খোলা রাখতে হবে। ব্যাংকের কর্মকর্তা/কর্মচারিদের স্ব স্ব অফিসে আনা-নেয়ার জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। গ্রাহকদের হিসাবে সর্বপ্রকার জমা এবং উত্তোলন, ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার ইস্যু ও জমা গ্রহণ, ট্রেজারি চালান গ্রহণ, সরকারের বিভিন্ন সামাজিক কার্যক্রমের আওতায় প্রদত্ত ভাতা/অনুদান বিতরণ, বৈদেশিক রেমিট্যান্সের অর্থ পরিশোধ, অভ্যন্তরীণ ও আন্তঃশাখা অর্থ স্থানান্তর, এনআরবি বন্ডে এবং বিভিন্ন প্রকার জাতীয় সঞ্চয় সার্টিফিকেটের মেয়াদপূর্তীতে নগদায়ন ও কুপনের অর্থ পরিশোধ, প্রযোজ্য ক্ষেত্রে ইউটিলিটি (যথা: গ্যাস/পানি/বিদ্যুৎ/টেলিফোন) বিল গ্রহণসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

০৪। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপ-শাখা/বুথসমূহ সার্বক্ষণিক খোলা রাখার বিষয়ে আগস্ট ০৫, ২০১৯ এ জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিতপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০২

০৫। বিধি-নিষেধ চলাকালে যে সকল শাখা বন্ধ থাকবে সে সকল শাখার গ্রাহক সেবা কার্যক্রম খোলা রাখা শাখার মাধ্যমে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বন্ধকৃত শাখার গ্রাহকগণের গ্রাহক সেবা প্রাপ্তি বিষয়ে অবহিত করতে উক্ত শাখার দৃশ্যমান স্থানে তা বিজ্ঞপ্তি আকারে প্রদর্শন নিশ্চিত করতে হবে।

০৬। সকল খোলা রাখা শাখার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক রোস্টারিং এর মাধ্যমে প্রয়োজনীয় ও সীমিত লোকবলের দ্বারা ব্যাংকিং সেবা নিশ্চিত করতে হবে।

০৭। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারনেট ব্যাংকিং সুবিধা সার্বক্ষণিক চালু রাখার ব্যবস্থা গ্রহণ এবং এটিএম বুথগুলোতে প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা/স্যানিটাইজেশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩